গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-১ অধিশাখা)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০২২.১৫. ৫০৮ তারিখঃ ০২/০৫/২০১৭

বিষয়ঃ গরুর মাংসের সরবরাহ ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা বিষয়ে বাণিজ্য মন্ত্রনালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: (ক) বাণিজ্য মন্ত্রনালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১১৩.০০৬.০০২.১৪-৪৬, তারিখ: ২২/০২/২০১৭।

(খ) স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন-১ শাখার ইউ ও নোট নং-৪৬.০০.০০০০.০৭০.০০৬.৩৩৭.১৪-৪৬১, তারিখ: ১৩/০৪/২০১৭ (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গরুর মাংসের সরবরাহ ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা বিষয়ে বাণিজ্য মন্ত্রনালয়ে গত ১৯/০২/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়েছে (কপি সংযুক্ত):

"(১) চাঁদাবাজি রোধে গবাদি পশুর হাটসমূহে হাসিল/টোলের অনুমোদিত তালিকা টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ এবং জননিরাপত্তা বিভাগকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।"

এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ০৯/০৫/২০১৭ তারিখের মধ্যে পৌর-১ শাখায় (সফট কপি ইমেইল- mazidlgd91@gmail.com ঠিকানায়) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে ।

০২/০৫/১৭
(মোঃ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫১১৬০৩

বিতরণ:
মেয়র/প্রশাসক (সকল পৌরসভা)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। অতিরিক্ত সচিব (নগর ও উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
০৩। উপসচিব, সিটি কর্পোরেশন শাখা-১, স্থানীয় সরকার বিভাগ।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) উন্নয়ন
৩) যুগ্ম-সচিব	৩) নগর উন্নয়ন
	৪) পাস
	৫) আইন

নম্বরঃ.........................
তারিখঃ ২৬/২/১৭ স্বাক্ষর

স্থানীয় সরকার বিভাগ
গ্রহণ ও প্রেরণ শাখা
2 6 FEB 2017
ডায়েরী নং ৬০৫৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-৩ শাখা
www.mincom.gov.bd

বিষয়ঃ গরুর মাংসের সরবরাহ ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভার তারিখ ও সময়	ঃ	১৯/০২/২০১৭ খ্রি:, বেলা ১১.০০ টা।
সভার স্থান	ঃ	অতিরিক্ত সচিব এর অফিস কক্ষ (কক্ষ নং-১১৮)
সভাপতি	ঃ	জনাব মুন্সী সফিউল হক, অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বে), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ	ঃ	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান ও বলেন মুক্তবাজার অর্থনীতিতে সকল ধরণের দ্রব্যমূল্য জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার জন্য বর্তমান সরকার সর্বদা সচেষ্ট। গরুর মাংসের মূল্যও এর বাইরে নয়। এই প্রেক্ষিতে মাংস ব্যবসায়ীদের সাথে আলোচনার জন্য অদ্যকার সভা আয়োজন করা হয়েছে বলে তিনি জানান। অতঃপর তিনি মাংস ব্যবসায়ীদের বক্তব্য উপস্থাপনের জন্য আহবান জানান।

০২। বর্তমানে আহত ধর্মঘটের জন্য ক্ষমা প্রার্থনা করে মাংস ব্যবসায়ীদের প্রতিনিধি জানান যে, জনগণের অধিকার, রাষ্ট্রের সম্পদ ও সরকারের সুনাম রক্ষার জন্য তারা অঙ্গীকারাবদ্ধ। তারা মূলত চারটি বিষয়ে সরকারের সুবিবেচনা আশা করেন- এক. চাঁদাবাজি রোধে গবাদি পশুর হাটসমূহে হাসিল/ টোলের তালিকা টাঙ্গানো, দুই. পার্শ্ববর্তী দেশসমূহ হতে পশু আমদানির ব্যবস্থা গ্রহণ, তিন. ট্যানারী শিল্প স্থানান্তর এবং চার. ডিএনসিসি'র প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান সম্পত্তি কর্মকর্তার বিচার এবং গাবতলী গরু হাটের ইজারাদার ও কালা মইজা বাহিনীর হাটের ইজারা বাতিলকরণ।

০৩। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি মাংস ব্যবসায়ীদের দাবি রক্ষার্থে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করবেন মর্মে সভাকে জানান।

০৪। সভাপতি জানান, মাংস ব্যবসায়ীদের দাবিসমূহ বাণিজ্য মন্ত্রণালয়ের সক্রিয় বিবেচনায় রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী চামড়া শিল্পকে "product of the year" ঘোষনা করেছেন বিধায় এ শিল্পের উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকার বদ্ধপরিকর। বস্ত্র শিল্পের পাশাপাশি অন্যান্য রপ্তানিযোগ্য সম্ভাবনাময় পণ্যের গুণগত মান উন্নয়ন, বাজার বহুমুখীকরণ ও রপ্তানি বৃদ্ধিতে সরকার ও জনগণ সচেষ্ট। দেশে কোনরুপ সন্ত্রাসবাদকে প্রশ্রয় না দিয়ে জনগণের সর্বোচ্চ প্রত্যাশা পূরণে সরকার কাজ করে যাচ্ছে। দেশের গবাদি পশুর উৎপাদন বৃদ্ধি ও এক্ষেত্রে স্বয়ংসম্পূর্নতা অর্জনে সরকার সব রকমের ব্যবস্থা নিয়েছে। গত ঈদ-উল-আযহায় কোরবানির পশুর সংকট না থাকাই সরকারের পদক্ষেপের প্রমান বহন করে। এতদ্ সত্তেও মধ্যবর্তী ২/৩ বছর সময়ের জন্য প্রয়োজনবোধে সরকার পাশ্ববর্তী রাষ্ট্র হতে প্রয়োজনীয় গবাদি পশুর আমদানির বিষয়টি বিবেচনা করবে। কিন্তু সকল ক্ষেত্রে মনে রাখতে হবে সরকার জনগণের নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখতে বদ্ধপরিকর।

০৫। সভায় উপস্থিত সকলের আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়। সিদ্ধান্তসমূহঃ

(১) চাঁদাবাজি রোধে গবাদি পশুর হাটসমূহে হাসিল/ টোলের অনুমোদিত তালিকা টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ এবং জননিরাপত্তা বিভাগ কে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) দেশীয় গবাদি পশু সহযোগে একটি কোরবানির ঈদ সুষ্টুভাবে শেষ হয়েছে বিধায় গরু ছাগলের উৎপাদন বৃদ্ধিকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মৎস্য ও প্রানীসম্পদ মন্ত্রণালয়কে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) ট্যানারী শিল্প স্থানান্তরকরণের বিষয়টি দুত বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়কে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর দপ্তর

১। যুগ্ম-সচিব (নঃ উঃ-১)	* উপস্থাপন করুন
২। যুগ্ম-সচিব (নঃ উঃ-২)	* প্রয়োজনীয় ব্যবস্থা নিন
৩। উপ-সচিব (পৌর-১)	* জরুরী ভিত্তিতে পেশ করুন
৪। সহকারী সচিব (পৌর-২)	* আলোচনা করুন
৫। উপ-সচিব (সি.ক-১)	* নথিতে অন্তর্ভুক্ত করুন
৬। উপ-সচিব (সি.ক-২)	

যুগ্ম-সচিব (নঃউঃ-১) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ৭৫৫
তারিখঃ ....
স্বাক্ষর ....
যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-১)
শাখা ঃ সিটি কঃ ১/২

৪৪৭
৭/৩/১৭

(৪) ডিএনসিসি'র প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান সম্পত্তি কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে দেখার জন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। পরিশেষে গাবতলী গরুর হাটে একটি সংবাদ সম্মেলনের মধ্যে দিয়ে মাংস ব্যবসায়ীগণ তাদের ধর্মঘট প্রত্যাহার করে নিবে মর্মে আশ্বাস দেন এবং একই সাথে এ সংবাদ সম্মেলনে কোনরুপ বাধা প্রদান/ অপ্রীতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে সভাপতির দৃষ্টি আর্কষন করেন।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/০২/২০১৭

(মুন্সী সফিউল হক)
অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বে)

নং-২৬.০০.০০০০.১১৩.০০৬.০০২.১৪.৪৬ তারিখঃ ২২-০২-২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় কার্যার্থে/ জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়);

০১। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১,মতিঝিল বা/এ, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, মৎস্য ও প্রানীসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রী এর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৯। অতিরিক্ত সচিব (আইআইটি)'র ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব (আইআইটি-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

২২/২/২০১৭

(মোঃ আবদুছ সামাদ আল আজাদ)
উপ-সচিব
অবা-৩ শাখা
ফোনঃ ৯৫৪৯৫৭১